

## সৃজন ও সাম্পান

নদীটির বুকে তার নাও বাঁধা আছে।  
দুধারে চরের বুকে ধূ ধূ লাল বালি।  
চান্দিকে জনপদে জীবনযাপন,  
তেউ এসে দুইবেলা দেয়করতালি।

সবুজ রঙের স্মৃতি আফেটা আলোয়,  
প্রতিদিন প্রত্যুষে ফুল হয়ে ফোটে,  
কার্তিকের নবান্নের হিম মেখে ভিজে,  
প্রভাতের পৌষ্ণে সূর্য হয়ে ওঠে।  
নাও ভাসে, ভেসে যায়, প্রোতের দ্বভাবে,  
জলে তার অভিমানী ধূপ-ছায়া ভাসে,  
কুঁড়ি থেকে ফুল ফোটা জীবনযাপনে  
সেই ছায়া ভেসে চলে মেঘ-মান্দাসে।

পারঘাটে, ঘাটে ঘাটে সন্ধাপ্রদীপ,  
এখন রাত্রির বুকে ক্লিন্ম বাতিঘর,  
'স্মৃতি-সত্তা সঙ্গাবনা' বুকে বয়ে বয়ে,  
নক্ষত্রের গর্ভে উষা ফের উজাগর।

সৌমিত্র বন্দ্যোপাধ্যায়

